চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

(প্রেস বিজ্ঞপ্তি)

নগরীর সৌন্দর্যবর্ধনে ৭৭ কোটি টাকা ব্যয়ে শিগ্রই কাজ শুরু করছে চসিক

চট্টগ্রাম- ৮ জুলাই ২০১৮

চট্টগ্রাম নগরীর প্রধান প্রধান সড়ক সৌন্দর্যবর্ধনে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) প্রকল্পের আওতায় ৩৮২ কোটি টাকার মধ্যে দুটি উপ-প্রকল্প'র কাজ শিগ্রই শুরু করতে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। গৃহীত প্রকল্পের একটি স্থান নির্ধারণ করা হয়েছে অক্সিজেন হতে ২ নম্বর গেইটস্থ বেবী সুপার মার্কেট পর্যন্ত। অপর প্রকল্পকে ২টি অংশে ভাগ করা হয়েছে। প্রথম অংশে থাকবে সিমেন্ট ক্রসিং হতে রুবি সিমেন্ট পর্যন্ত এবং দ্বিতীয় অংশে বোট ক্লাব হতে নেভাল একাডেমি পর্যন্ত এরিয়াকে সৌন্দর্য্যবর্ধনের আওতায় আনা হবে। মোট প্রকল্পের ৩৮২ কোটি টাকার মধ্যে অক্সিজেন হতে ২ নম্বর গেইটস্থ বেবী সুপার মার্কেট পর্যন্ত প্রকল্পে ২৭ কোটি ও বোট ক্লাব হতে নেভাল একাডেমি পর্যন্ত প্রকল্পে ৫০ কোটিসহ মোট ৭৭ কোটি টাকা ব্যয় করবে কর্পোরেশন।আজ রবিবার দুপুরে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরশন নগর পরিকল্পনা বিভাগ ও নগর বিউটিফিকেশন বিষয়ক পরামর্শক প্রতিষ্ঠান স্টাইল লিভিং আর্কিটেকস্ লি. এর চেয়ারম্যান মো. মিজানুর রহমান প্রকল্প দু'টির ডিজাইন পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে উপস্থাপন করেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উপস্থিত ছিলেন। এতে অন্যান্যদের মধ্যে কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব,নাজমুল হক ডিউক, মো. শফিউল আলম, মাজহারুল হক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারহানা জাবেদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মো. আবুল হোসেন, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দন আহমদ,তত্ত্বাবধায়ক, নির্বাহী প্রকৌশলীগণ ও স্থপতি আবদুল্লাহ আল ওমর উপস্থিত ছিলেন।

সিমেন্ট ক্রসিং হতে রুবি সিমেন্ট পর্যন্ত সৌন্দর্যবর্ধন কার্যক্রমের নাম দেয়া হয়েছে"ইভলভিং লাইফ ইন দি স্ট্রিট"। অক্সিজেন হতে ২ নম্বর গেইটস্থ পর্যন্ত বেবী সুপার মার্কেট পর্যন্ত সৌন্দর্যবর্ধনে মিড আইল্যান্ড ও ফুটপাত নির্মাণ, ওয়েস্টবিন স্থাপনের পাশাপাশি নানা রকম গাছের সমারোহে ফুলের বাগান এবং সব বয়সী নাগরিকদের বসার জন্য চেয়ারের ব্যবস্থা করা হবে। আর এই বাগানে থাকবে দৃষ্টিনন্দন আলোকায়নের ব্যবস্থা। এছাড়া ওই স্থানে কর্মজীবি মানুষ ও নগরবাসী নির্বিঘ্নে ঝুঁকিমুক্ত চলাচলের সুবিধার্থে ৭টি ফুটওভার ব্রিজ নির্মাণ করা হবে। ফুটওভার ব্রিজ সমুহের মধ্যে পলিটেকনিকেল,রুবি গেইট,টেক্সটাইল, শেরশাহ,চা বোর্ড, বায়েজিদ বোস্তামী ও অক্সিজেন রয়েছে। এছাড়া এ প্রকল্প সমূহের মধ্যে লিভেবল কমপ্লিট স্ট্রিট (বসবাস যোগ্য আদর্শ রাস্তা) যান্ত্রিক ও অযান্ত্রিক যানবাহান চলাচলের জন্য আলাদা লেন, যাত্রী ছাউনি নির্মাণ, স্কাল্পচার স্থাপন ও পে-পার্কিং এর ব্যবস্থা কর হবে। পে-পার্কিং এর ব্যবস্থা হলে ওই এলাকার যানজট অনেকাংশে কমে আসবে বলে আশা করা যায়।

এ প্রকল্পের আওতায় বায়েজিদ বোস্তামী (র.)মাজার প্রাঙ্গণে অবস্থিত পুকুরের সৌন্দর্য বর্ধনে এর চারপাশে পাবলিক প্লাজা, ওয়াকওয়ে, ভ্রাম্যমান স্টল, এটিএম বুথ, পে-পার্কিং,আধুনিক পাবলিক টয়লেট, পাবলিক সিটিং ও গার্ডেন নির্মাণ করা হবে। এছাড়া সিমেন্ট ক্রসিং হতে রুবি সিমেন্ট পর্যন্ত সৌন্দর্য্যবর্ধনের আওতায় যা করা হবে তা হল ৩টি পাবলিক প্লাজা, ৪টি থিম পার্ক, কিডস্ প্লে জোন, পর্যটক আকর্ষনের জন্য দোকান, রেষ্টুরেন্ট, ট্যুরিস্ট ইনফরমেশন সেন্টার, ওয়াকওয়ে।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের ঐকান্তিক প্রচেষ্টায় প্রায় ৭৭ কোটি টাকা ব্যয়ে নগরীর গুরুত্বপূর্ণ এয়ারপোর্ট রোড এবং হাটহাজারী রোডের ২নম্বর গেইট থেকে অক্সিজেন মোড় পর্যন্ত সড়কের

আধুনিকীকরণ ও সৌন্দর্যবর্ধন কাজ বাস্তবায়ন শুরু হচ্ছে। আগামী দুই সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠানকে প্রকল্পের ডিজাইন,ব্যয় এবং প্রস্তুতি কর্মকান্ডের আলাদা আলাদা প্রজেক্ট ভেল্যু নির্ধারণ করে প্রকৌশল বিভাগে প্রতিবেদন দাখিলের ব্যাপারে নির্দেশনা দিয়েছেন সিটি মেয়র। প্রজেক্ট ভেল্যু পেপার জমা দেয়ার পর প্রকল্পটি বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশন দরপত্র আহবান প্রক্রিয়া শুরু করবে। এ প্রসঙ্গে সিটি মেয়র বলেন বর্ষা মৌসুম শেষে এ প্রকল্পের কাজ শুরু হবে। এ প্রকল্প বাস্তবায়ন হলে নগরীর যানজট অনেকাংশে হ্রাস,মানুষের চলাচল উপযোগী সড়ক,যানবাহনের শৃঙ্খলা,দৃষ্টি নন্দন ও সবুজায়ন এবং নগরবাসীর চিত্ত বিনোদনের জায়গা সৃষ্টি হবে বলে তিনি উল্লেখ করেন।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকে'র ২০১৮-১৯
অর্থ বছরের বাজেট ঘোষণা আগামী ১০ জুলাই

চট্টগ্রাম- ৮ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট আগামী ১০ জুলাই ২০১৮ মঙ্গলবার বেলা ১ টায় কর্পোরেশনের মিলনায়তনে ঘোষণা করা হবে। বাজেট ঘোষণা করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন । এতে সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়েছে।

(প্রেস বিজ্ঞপ্তি)

চসিকের অর্থ স্ট্যান্ডিং কমিটির এক সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম- ৮ জুলাই ২০১৮

আজ সকালে সিটি মেয়রের কার্যালয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অর্থ স্ট্যান্ডিং কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশন অর্থ স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান কাউন্সিলর মোহাম্মদ শফিউল আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কাউন্সিলর মোহাম্মদ হোসেন হিরন, নাজমুল হক ডিউক, মাজহারুল ইসলাম চৌধুরী, হাসান মুরাদ বিপ্লব, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর ফারহানা জাবেদ ও কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সচিব মো. আবুল হোসেন, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মোহাম্মদ সাইফুদ্দিন, অতি.প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির প্রমুখ উপস্থিত ছিলেন।সভায় আগামী ২০১৮-২০১৯ অর্থ বছরের জন্য প্রস্তুতিত বাজেট এর উপর আলোচনা পর্যালোচনা সহ ১০ জুলাই ২০১৮ ইং দুপুর ১ টায় বাজেট অধিবেশনে উপস্থাপন করার জন্য সুপারিশ করা হয়।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন